

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫৫৬  
কমলপুর, ৬ নভেম্বর, ২০২৩

### ডেঙ্গু প্রতিরোধে সালেমা বাজারে সাফাই অভিযান

ডেঙ্গু প্রতিরোধে সম্প্রতি সালেমা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে সালেমা বাজার এলাকায় বিশেষ সাফাই অভিযান সংগঠিত করা হয়। ডা. প্রকৃষ্ণা দাসের নেতৃত্বে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কর্মীরা ডেঙ্গু জ্বরের উৎসগুলি প্রশমনে বাজার এলাকার সুপীকৃত আবর্জনা, জমা জল সাফাইয়ের কাজ করেন। এছাড়া বিভিন্ন চা স্টল, মিষ্টির দোকানেও ডেঙ্গুর উৎসগুলি নষ্ট করার জন্য সাফাই অভিযান সংগঠিত করা হয়। এই বিশেষ সাফাই অভিযানে স্বাস্থ্য কেন্দ্রের কর্মীদের সাথে বাজার কমিটির সদস্যগণও সাহায্যের হাত বাড়িয়ে দেন। আগামী সপ্তাহে বিভিন্ন বিদ্যালয়ে ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হবে। সালেমা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*